**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 13-02-2026** **Desk in Charge : Kalyan L.**

**Time : 1-40 PM** **Compiling : Sujay Pal/ Subhra C.**

**DEO: KB** **NRT : Subhra C.**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১/ রাজ্যের ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী বা SIR-এর কাজকর্ম খতিয়ে দেখতে মুখ্য নির্বাচন কমিশনারের নেতৃত্বে নির্বাচন কমিশনের পুর্নাঙ্গ বেঞ্চ আজ ভার্চুয়ালী বৈঠকে বসেছে।

২/ নির্বাচন কমিশনের নির্দেশ অমান্য করার জন্য, রাজ্যের মুখ্য সচিব নন্দিনী চক্রবর্তীকে আজ দুপুর তিনটের মধ্যে দিল্লিতে তলব, কমিশনের।

৩/ কয়লা পাচার মামলায় ইডি, বুদবুদ থানার পুলিশ আধিকারিক মনোরঞ্জন মন্ডল ও তাঁর সহযোগী প্রবীর দত্তকে CGO কমপ্লেক্সে তলব করেছে।

৪/ রাজ্যে আগামী এক সপ্তাহে, আবহাওয়ার বিশেষ কোণ পরিবর্তন হবেনা।

৫/ বিশ্ব বেতার দিবস আজ। এবছরের মূল ভাবনা ‘বেতার এবং কৃত্রিম বুদ্ধিমত্তা- AI একটি হাতিয়ার, কণ্ঠস্বর নয়’।

****************************************************************************

রাজ্যের ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী বা SIR-এর কাজকর্ম খতিয়ে দেখতে মুখ্য নির্বাচন কমিশনারের  নেতৃত্বে নির্বাচন কমিশনের পুর্নাঙ্গ বেঞ্চ আজ ভার্চুয়ালী বৈঠকে বসেছে। উপস্থিত রয়েছেন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক এবং রোল অবজার্ভাররা। রাজ্যে নির্বাচনী দায়িত্বে থাকা আধিকারিকদের ভূমিকা সহ নানা বিষয় নিয়ে বৈঠকে আলোচনা চলছে।

এদিকে,  নির্বাচন কমিশনের তরফে ইতিমধ্যেই রাজ্যে ভোটের প্রস্তুতি জোরদার করার নির্দেশ দেওয়া হয়েছে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ, আধিকারিকদের বদলি ও নিয়োগ, মাইক্রো অবজ়ার্ভারদের প্রশিক্ষণ, গণনা কেন্দ্র নির্ধারণ—একাধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে গত কয়েক সপ্তাহ ধরে তৎপরতা বেড়েছে। সেই প্রেক্ষিতেই এই ভিডিও বৈঠককে অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে।

-

*************************

তাদের একাধিক নির্দেশ অমান্য করায় নির্বাচন কমিশন রাজ্যের মুখ্য সচিব নন্দিনী চক্রবর্তীকে আজই দিল্লিতে তলব করেছে। আজ বিকেল তিনটের মধ্যে তাকে দিল্লিতে হাজিরা দিতে বলা হয়েছে। ইতিমধ্যে মুখ্য সচিব রওনা হয়েছেন বলে প্রশাসনিক সূত্র জানা গিয়েছে।  এস আই আর প্রক্রিয়া চলাকালীন ভোটার তালিকায়  ভূতুরে ভোটারের নাম  তোলার অভিযোগে কমিশন বারুইপুর পূর্ব ও ময়নার ইআরও এবং এইআরওকে  সাসপেন্ড করে তাঁদের বিরুদ্ধে থানায় এফআইআর করার নির্দেশ দেয়। কিন্তু, রাজ্য সরকার ওই আধিকারিকদের সাসপেন্ড করলেও এফআইআর দায়ের করেনি। এছাড়াও নির্বাচন কমিশনের সঙ্গে আলোচনা না করে কয়েকজন আধিকারিক এর বদলিসহ বিভিন্ন বিষয়ক কমিশনের নির্দেশ ঠিকমতো পালন করা হয়নি বলে তাদের দাবি।  এইসব বিষয়ে ব্যাখ্যা চাইতেই মুখ্যসচিকে ডেকে পাঠানো হয়েছে বলে  জানা গিয়েছে।

-

*************************

এসআইআর-এর প্রায় শেষ লগ্নে ভোটদাতা বা আবেদনকারীদের বিভ্রান্ত করতে ভুয়ো নির্দেশিকা বাজারে ছড়িয়ে দেওয়া হয়েছে বলে অভিযোগ উঠেছে। একাধিক কেন্দ্র থেকে রক্তের সম্পর্কের শংসাপত্র জমা পড়েছে এসআইআরের শুনানিতে। স্থানীয় গ্রাম পঞ্চায়েত থেকে এই ধরনের নথি দেওয়া হয়। তা কী ভাবে এসআইআরের শুনানিতে গ্রাহ্য হতে পারে তা নিয়েও প্রশ্ন উঠেছে। এই নথি যাঁরা দিয়েছেন, সেই সমস্ত ভোটারদের চিহ্নিত করা হচ্ছে বলে কমিশন সূত্রে খবর। যাঁরা এই নথি জমা নিয়েছেন, সেই ইআরও-দেরও চিহ্নিত করছে কমিশন।

পাশাপাশি বেশ কিছুদিন ধরেই নানাভাবে কমিশন সম্পর্কে রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে নেতিবাচক প্রচার চালানো হচ্ছে বলে অভিযোগ উঠছে। এসআইআর-এর রূপায়ণে নির্বাচন কমিশন নির্দিষ্ট আইন এবং সুপ্রিম কোর্টের নির্দেশিকা পুরোপুরি অনুসরণ করছে।

**************************

সুপ্রিম কোর্টের নির্দেশের প্রেক্ষিতে রাজ্য সরকার নির্বাচন কমিশনকে মাইক্রো অবজার্ভার পদে নিয়োগের জন্য ৮ হাজার ৫০৫ জন আধিকারিকের তালিকা দিলেও এখনও পর্যন্ত তাঁদের মধ্যে প্রায় ৬ হাজার ৩০০ জন কাজে যোগ দিয়েছেন বলে নির্বাচন কমিশন জানিয়েছে। যাদের নাম পাঠানো হয়েছে তাদের মধ্যে প্রায় ৪০০ জন ইতিমধ্যেই এইআরও পদে নিযুক্ত রয়েছেন বলে দেখা যাওয়ায় নতুন করে জটিলতা দেখা দিয়েছে। এমতাবস্থায় রাজ্য সরকারের দেওয়া তালিকা থেকে ঠিক কতজন আধিকারিক এইআরও পদে নিযুক্ত রয়েছেন, তার বিস্তারিত রিপোর্ট অবিলম্বে জমা দিতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে রাজ্যের সমস্ত জেলা নির্বাচনী আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে।

**************************

SIR-এর শুনানিতে আসার ফোন পেয়ে যাবতীয় নথি নিয়ে উত্তর ২৪ পরগণার বাদুরিয়ার নাসির আলি নামে এক তৃণমূল কংগ্রেস কর্মী গত সোমবার বাড়ি থেকে বেরিয়ে আর ফেরেন নি। লালকুঠি এলাকার একটি খাল থেকে মঙ্গলবার তাঁর মোটর বাইকটি উদ্ধার

হয়েছে। তবে, সেই খালে ডুবুরি নামিয়েও ওই যুবকের সন্ধান মেলেনি। SIR-এর শুনানির জন্য যে নাম্বার থেকে তাঁর কাছে ফোন এসেছিল, তার'ও কোনো হদিশ পাচ্ছেনা পুলিশ।

এই ঘটনায় বুধবার বাদুরিয়ার ডাক্তারখানা মোড়ে স্থানিয়রা টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখানোর পর পরদিন বসিরহাট পুলিশ জেলার উচ্চ পদস্থ আধিকারিকরা তদন্তে নামেন। অতিরিক্ত পুলিশ সুপার পার্থ ঘোষ জানিয়েছেন, কিছু তথ্য পাওয়া গেছে এবং তদন্ত চলছে।

-

*************************

কয়লা পাচার মামলায় ইডি, বুদবুদ থানার পুলিশ আধিকারিক মনোরঞ্জন মন্ডল ও তাঁর সহযোগী প্রবীর দত্তকে CGO কমপ্লেক্সে তলব করেছে। এর আগে গত সোমবার, মনোরঞ্জন মন্ডলকে ডেকে পাঠানো হলেও, তিনি হাজিরা দেননি। সেদিন কয়লা ব্যবসায়ী কিরণ খাঁ ও চিন্ময় মন্ডলকে জিজ্ঞাসাবাদের পর গ্রেপ্তার করেছিল ইডি। এই দুজনকে গত মঙ্গলবার আদালতে তোলা হলে বিচারক, ১৮'ই ফেব্রুয়ারী পর্যন্ত ইডি হেফাজতের নির্দেশ দেন।

-

*************************

আজ বিশ্ব বেতার দিবস। এবারের মূল ভাবনা, রেডিও ও কৃত্রিম বুদ্ধিমত্তা: এ আই একটি হাতিয়ার- কণ্ঠস্বর নয়। জনকল্যাণ ও সচেতনতা তৈরিতে বেতারের গুরুত্ব তুলে ধরতে রাষ্ট্র সংঘ ১৯৪৬ সাল থেকে দিনটি উদযাপন করে আসছে। ভারতে মোট জনসংখ্যার ৯৯ শতাংশ মানুষ নানা ভাষা ও আঞ্চলিক বিষয়ে বেতার সম্প্রচার শুনে থাকেন, এর সঙ্গে ৫২৮ টি কমিউনিটি রেডিও স্টেশন সারা দেশের তৃণমূল স্তরে স্থানীয় সংস্কৃতি ও বিজ্ঞান সচেতনতামূলক বিষয় নিয়ে কাজ করছে।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিজিৎ )

*************************

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ জাতীয় নারী দিবস উদযাপিত হচ্ছে। রাজনীতিবিদ, বিশিষ্ট বাগ্মী, কবি সরোজিনী নাইডুর জন্মদিনটি ভারতে জাতীয় নারী দিবস হিসেবে উদযাপিত হয়ে থাকে। সরোজিনী নাইডু নারীর অধিকার, ক্ষমতায়নে , সামাজিক আন্দোলনে অগ্রণী ভূমিকা পালন করেছিলেন । দেশের স্বাধীনতা আন্দোলনে অংশগ্রহণ করে তিনি আইন অমান্য আন্দোলন, ভারত ছাড়ো আন্দোলনে নিজেকে যুক্ত করেন। অসাধারণ কবি প্রতিভার জন্য সরোজিনী নাইডু কে ভারতের নাইটিংগেল বলা হয়ে থাকে। সরোজিনী নাইডু ছিলেন ভারতের প্রথম মহিলা রাজ্যপাল। _

**************************

তামিলনাড়ুতে, মুর্শিদাবাদের হরিহরপাড়ার বাসিন্দা এক পরিযায়ী শ্রমিকের মৃত্যুকে ঘিরে রহস্য দানা বেঁধেছে। জানা গেছে, চেন্নাই-এর পল্লী কাড়ানাই থানা এলাকায় কাজের জায়গাতেই আলাউদ্দিন শেখ নামে ওই শ্রমিককে অচৈতন্য অবস্থায় পাওয়া যায়। একটি গাড়িতে করে হাসপাতালে নিয়ে যাওয়ার সময় চালকের সন্দেহ হওয়ায় সে দেহ রাস্তায় ফেলে পালিয়ে যায়। পরে কয়েকজন শ্রমিক তাকে চিকিৎসকের কাছে নিয়ে গেলে মৃত ঘোষণা করা হয়। ওই শ্রমিকের পরিবারের দাবি আলাউদ্দিনকে খুন করা হয়েছে। _

**************************

উত্তর ২৪ পরগনার শাসনে পাওনাদারকে পিটিয়ে খুনের ঘটনায় অভিযুক্তকে গ্রেফতারের দাবিতে আজ শাসন-আমিনপুর রোড অবরোধ করে বিক্ষোভ শুরু হয়। শাসনের খামার নওবাদ গ্রামের আহমেদ আলি ঠিকাদারি, রাজমিস্ত্রী কাজের জন্য পাওনা টাকা চাইতে ওই গ্রামেরই শাসক দল ঘনিষ্ঠ হাফিজুলের কাছে গেলে, তাকে পিটিয়ে মারা হয় বলে অভিযোগ। এরপরই এলাকার মানুষজন হাফিজুলকে গ্রেফতারের দাবিতে রাস্তা অবরোধ শুরু করে। শাসন থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছেছে। _

**************************

তামিলনাড়ুতে কর্মস্থলে ভয়াবহ দুর্ঘটনায় মৃত্যু হল বাংলার এক পরিযায়ী শ্রমিকের। মৃত শক্তিপদ দাস (৪৫) দক্ষিণ ২৪ পরগনার সাগর থানার কমলপুর ২ নম্বর কলোনির বাসিন্দা। পরিবার সূত্রে জানা গিয়েছে, জীবিকার তাগিদে তিনি তামিলনাড়ুর একটি

ইটভাটায় কাজ করতেন। গতকাল বিকেলে ইট কাটার মেশিনে কাজ করার সময় অসাবধানতাবশত তাঁর দেহ মেশিনে ঢুকে যায়। ঘটনাস্থলেই মর্মান্তিকভাবে তাঁর মৃত্যু হয়। সংসারের টানেই ভিনরাজ্যে পাড়ি দিয়েছিলেন তিনি। মৃত্যুসংবাদ পৌঁছাতেই এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। দেহ তামিলনাড়ুতে ময়নাতদন্তের পর গ্রামে আনার উদ্যোগ চলছে বলে পরিবার জানিয়েছে।

**************************

মাদক মামলায় কোচবিহারের সিতাই এক নম্বর বিজেপি মন্ডল সভাপতি সুকুমার বর্মনকে গতকাল গ্রেপ্তার করে সাহেবগঞ্জ থানার পুলিশ। দিনহাটার এসডিপিও ধীমান মিত্র জানিয়েছেন, তাঁকে ফেনসিডিলের এক মামলায় গ্রেফতার করা হয়েছে। বিজেপির দাবি বিধানসভা ভোট যত এগিয়ে আসছে ততই দিনহাটা এবং সিতাই বিধানসভার বিভিন্ন বিজেপির নেতা ও কর্মীদের মিথ্যে মাদক মামলায় ফাঁসিয়ে গ্রেফতার করা হচ্ছে।

**************************

উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রামের ঝাওতলায় আজ সকালে এক ডেকরেটারের কাঠের গোডাউনে আগুন লাগলে এক কর্মী আহত হন। তাঁকে বারাসাত হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। দমকলের তিনটি গাড়ি প্রায় সাড়ে ৪ ঘণ্টার চেষ্টায় আগুন আত্তত্বে আনে।

এদিকে, গাইঘাটা বাজার সংলগ্ন এলাকায় যশোর রোডের পাশ একটি মোটর বাইকের শোরুমে বিধ্বংসী অগ্নিকান্ডে ৪০–৪২-টি বাইক ভষ্মীভূত হয়েছে। স্থানীয় বাসিন্দাদের একজন শোরুমের মালিককে আগুন লাগার কথা জানান, দ্রুত খবর দেওয়া খানাতে। পুলিশ ঘটনাস্হলে এলেও কোন পদক্ষেপ করেনি বলে ক্ষুব্ধ বাসিন্দাদের অভিযোগ। এরপরই শুরু হয় রাস্তা অবরোধ। দমকলের প্রথম গাড়ি পৌঁছয় রাত প্রায় ৩-টে ২০ নাগাদ। পরে আরও একটি গাড়ি ঘটনাস্হলে গেছে। তিন ঘণ্টার চেষ্টায় আগুন আত্তত্বে আসে।

**************************

নদীয়ার মায়াপুর ইসকনে আজ পতাকা উত্তোলনের মধ্য দিয়ে শ্রী চৈতন্য মহাপ্রভুর আবির্ভাব দিবস তথা দোল উৎসবের শুভ সূচনা হয়। সকালে দেশ-বিদেশের হাজার হাজার পুন্যারথীর উপস্থিতিতে সনাতনী আচার অনুষ্ঠান চলে। বিশেষ পুজোপাঠ সহ ভজন, কীর্তন এবং হরে কৃষ্ণ নামে মাতোয়ারা হয়ে ওঠে মায়াপুর। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন জয় পতাকা মহারাজ,পুরুষোত্তম স্বামী, ব্রজবিলাস দাস প্রমুখ।

*************************

রাজ্যে আগামী এক সপ্তাহে তাপমাত্রার বিশেষ হেরফের হবে না বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা ছিল স্বাভাবিকের থেকে দেড় ডিগ্রি কম, ১৬ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস।

****************************************************************